

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
খুলনা ডিভিশন, খুলনা।  
☎-০৪১-৭৬১৫২২।

প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নির্ধারিত আবেদনপত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন খুলনা জেলার ফুলতলা উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট আবাসিক প্লট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাইতেছে।  
ক) প্লটের পরিমাণ ও জামানতের টাকার বিবরণঃ

ক্রমিক নম্বর	আবাসিক প্রকল্পের নাম	প্লটের আয়তন (কম/বেশি)	কাঠা প্রতি মূল্য	প্লটের সংখ্যা	জামানতের টাকা (ফেরতযোগ্য)
১।	খুলনা জেলার ফুলতলা উপজেলা (খুলনা বাইপাস সড়কের গিলাতলা মৌজায় বি.কে.এস.পি সংলগ্ন)	৫.০০ কাঠা	৫.৫০ লক্ষ (কম/বেশি)	১৮টি	১,৫০,০০০/-
		৩.০০ কাঠা	--ঐ--	৬৯ টি	১,০০,০০০/-

খ) জামানতের টাকা "চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ" এর অনুকূলে যে কোন তফসীল ভুক্ত/ বাণিজ্যিক ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট (খুলনা হইতে কালেকশনযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্রয়োজনে নির্ধারিত এফ সি একাউন্টস নম্বর- 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH এর মাধ্যমে প্রদান করিতে পরিবেন।

গ) প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদনপত্র নগদ টাকা ১,০০০/- (এক হাজার) অফেরতযোগ্য মূল্যে নিম্নবর্ণিত কার্যালয় আগামী ৩০-০৯-২০১৭ ইং তারিখ পর্যন্ত ক্রয় এবং জামানতসহ জমা প্রদান করা যাইবে।

ক্রমিক নম্বর	কার্যালয়ের নাম ও ঠিকানা
১।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, কদমতলা, খালিশপুর, খুলনা।
২।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সেকশন-২, মিরপুর, ঢাকা।
৩।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
৪।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৫।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ই,এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
৭।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুবা, রাজশাহী।
৮।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর।
৯।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাছিরাবাদ চট্টগ্রাম।

ঘ) আবেদনকারীর বয়স ১৫-১২-২০১৬ ইং তারিখে ন্যূনতম ২৫ বৎসর হইতে হইবে।

ঙ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতঃ পূরণকৃত আবেদনপত্র আগামী ৩০-০৯-২০১৭ ইং তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট (খুলনা হইতে কালেকশনযোগ্য) অনুচ্ছেদ গ তে বর্ণিত কার্যালয় সমূহে জমা দেওয়া যাইবে। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হিসাবে গণ্য হইবে।

চ) প্রসপেক্টাসে বর্ণিত পেশা, গ্রুপের বিপরীতে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে বৈধ আবেদনকারীগণকে প্লট বরাদ্দ প্রদান করা হইবে। তবে প্লটের সংখ্যা হইতে বৈধ আবেদনকারীর আবেদনপত্র বেশি হইলে লটারীর মাধ্যমে বরাদ্দ দেওয়া হইবে।

ছ) প্লট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে এবং কর্তৃপক্ষের ওয়েব সাইট

[www.nha.gov.bd](http://www.nha.gov.bd) এ বিস্তারিত জানা যাইবে।

জ) প্লট বরাদ্দের ক্ষেত্রে খুলনা জেলার স্থায়ী বাসিন্দাগণের অগ্রাধিকার দেওয়া হইবে।

(মোঃ মঈনুল হক মোতাইদ)

প্রকল্প পরিচালক

ও

নির্বাহী প্রকৌশলী

খুলনা ডিভিশন

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ